



কাল খুলনা-বাগেরহাটে সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

আগামীকাল বৃহস্পতিবার (২১ অক্টোবর) খুলনা ও বাগেরহাট সফর করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সফরে সুন্দরবন, মোংলা বন্দর ও প্রস্তাবিত বেজা অর্থনৈতিক অঞ্চল পরিদর্শনসহ একাধিক সরকারি কর্মসূচিতে অংশ নেবেন তিনি।

সফরসূচি অনুযায়ী, সকাল ৯টায় হেলিকপ্টারে ঢাকার তেজগাঁও থেকে সুন্দরবনের উদ্দেশে রওনা হবেন প্রধানমন্ত্রী। সকাল ১০টার দিকে হিরণ পয়েন্ট ও আশপাশের সুন্দরবন এলাকা আকাশপথে পরিদর্শন করবেন। পরে খুলনার দাকোপ হয়ে নৌপথে বাগেরহাটের মোংলায় যাবেন তিনি।

দুপুরে বানোজা মোংলায় সভায় অংশ নেওয়ার পর বিকেলে মোংলা বন্দরের কার্যক্রম ও জেটি পরিদর্শন করবেন তারেক রহমান। এরপর প্রস্তাবিত বেজা অর্থনৈতিক অঞ্চল ঘুরে দেখে বিকেল ৪টায় ঢাকার উদ্দেশে রওনা হওয়ার কথা রয়েছে তাঁর।

LENS ASIA